**REGIONAL NEWS UNIT**

**ALL INDIA RADIO, AGARTALA**

**Date:31-05-2024**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

...............................................................

**Election, 7th phase :**

অষ্টাদশ লোকসভা নির্বাচনের সপ্তম এবং চূড়ান্ত পর্বের প্রচার গতকাল শেষ হয়েছে। এই পর্বে ৭টি রাজ্য ও ১টি কেন্দ্র শাসিত অঞ্চলের ৫৭টি সংসদীয় আসনে ভোট হবে আগামীকাল । এই পর্বে মোট ৯০৪ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। আগামী চৌঠা জুন সমস্ত আসনের ভোট গণনা করা হবে।

********************

**World No Tobacco Day :**

আজ বিশ্ব তামাক বিরোধী দিবস। এই উপলক্ষে আগরতলা সরকারি মেডিকেল কলেজে ধূমপান ও তামাকের ক্ষতিকারক বিষয়গুলি সম্পর্কে জনগণকে সচেতন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তাছাড়া, রাজ্যের প্রতিটি জেলা ও মহকুমা হাসপাতাল,

প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র, সাব সেন্টারেও এই কর্মসূচির আয়োজন করা হবে।

**********************

**FOOD MINISTER ON PETROL DIESEAL DIESEAL :**

খাদ্য ও গণবন্টন মন্ত্রী সুশান্ত চৌধুরী গতকাল জানিয়েছেন, রাজ্যে পেট্রল-ডিজেল সহ অত্যাবশ্যকীয় পণ্য সামগ্রীর পর্যাপ্ত মজুত রয়েছে । গতকাল সংবাদ মাধ্যমের কাছে খাদ্যমন্তির বলেন, বৃষ্টির ফলে লাম্‌দিং ডিভিশনের রেললাইনের একটি অংশে কাদামাটি ঢোকায় ট্রেন চলাচল সাময়িক বম্‌ধ রয়েছে । এই পরিস্থিতিতে রাজ্যে ৬ থেকে ৭ দিনের পেট্রল ও ডিজেল মজুত রয়েছে । অন্যান্য নিত্য পণ্যেরও যথেষ্ট মজুত রয়েছে । এবিষয়ে রাজ্যবাসীর আশংকার কিছু নেই বলে তিনি আশ্বাস দেন । আগামী দুই-তিন দিনের মধ্যেই ট্রেন চলাচল শুরু হওয়ার সম্ভাবনা রয়েছে ।

***********************

**Train Cancelled :**

ঘূর্ণিঝড় রেমালের প্রভাবে এন এফ রেলওয়ের লামডিং ডিভিশনের *নিউ হাফলং ও চন্দ্রনাথপুর সেকশনে ট্রেন চালানো এখনও ঝুকিপূর্ণ থাকায় ট্রেন চলাচল বন্ধ রয়েছে। এন এফ রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারীক গতকাল সন্ধ্যায় জানিয়েছেন, ট্রেন লাইন সব ঠিক রয়েছে, কিন্তু নদীগুলোতে বিপজ্জনকভাবে জলস্ফীতি দেখা দেওয়ায় ট্রেন চলাচল ঝুকিপূর্ণ। এরজন্য আগামীকাল পর্যন্ত আরও কয়েকটি ট্রেন বাতিল করা হয়েছে ও গন্তব্য পরিবর্তন করা হয়েছে।

N.F. রেলওয়ের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, ১৩১৭৩ শিয়ালদাহ আগরতলা এক্সপ্রেস, যা গতকাল ছেড়েছে, তা গুয়াহাটি পর্যন্ত আসবে, তারপর বাতিল করা হয়েছে।

আজকের ০৭০২৯ নম্বরের আগরতলা সেকেন্দ্রাবাদ এক্সপ্রেস গুয়াহাটি পর্যন্ত আসবে।

গত ২৮ শে মে ছেড়ে দেওয়া ১২৫০৩ নম্বরের এসএমভিটি বেঙ্গালুরু-আগরতলা হামসফর এক্সপ্রেস গুয়াহাটি পর্যন্ত আসবে। গত বুধবার রওয়ানা হওয়া ২০৫০২ নম্বরের আনন্দবিহার টার্মিনাল-আগরতলা রাজধানী এক্সপ্রেসও গুয়াহাটি পর্যন্ত আসবে বলে এন এফ রেলওয়ের পক্ষ থেকে জানানো হয়।

*****************

**Power Press Meet :**

বিদ্যুৎ সরবরাহ সমস্যার স্থায়ী সমাধানের উদ্দেশ্যে মাটির নীচ দিয়ে পরিবাহী লাইন টানার উদ্যোগ নিয়েছে বিদ্যুৎ দপ্তর। গতকাল মহাকরনে এক সাংবাদিক সম্মেলনে বিদ্যুৎ দপ্তরের সচিব অভিষেক সিং এ খবর জানান। তিনি বলেন, প্রাথমিকভাবে আগরতলা শহরের মাটির নীচ দিয়ে বিদ্যুৎ লাইন টানার পরিকল্পনা নেওয়া হয়েছে। ঘূর্ণিঝড় রেমালের তান্ডবে প্রাথমিক হিসাব অনুযায়ী বিদ্যুৎ নিগমের ৫ কোটি টাকারও বেশি ক্ষতি হয়েছে।

*******************

**Update Akashvani :**

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ, ডব্লিউ, ডব্লিউ ডট, নিউজ অন এআইআর ডট কম এবং নিউজ অন এআইআর অ্যাপ, এবং টুইটার অর্থাৎ এক্স প্ল্যাটফর্মে। আপডেট পেতে দেখুন আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এআইআর নিউজ আগরতলা এবং ইউ টিউবে এআইআর নিউজ আগরতলা।

**********************

**Lightning :**

কৈলাশহরের জামতৈলবাড়ী ও মনুভ্যালি দু'টি স্থানে বজ্রপাতে এক মহিলা নিহত ও অপর তিনজন গুরুতর আহত হয়েছেন। গতকাল বিকেলে বাগানে কাজ করার সময় আকস্মিক বজ্রপাতে মেম্বারচুঙ হালাম নামে ৪৮ বছর বয়সী মহিলার ঘটনাস্থলেই মৃত্যু হয় । আহত তিনজনের চিকিৎসা চলছে কৈলাশহর জেলা হাসপাতালে। মহকুমা প্রশাসন সূত্রে এই সংবাদ জানা গেছে।

*********************

**All Political parties Meeting :**

গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি ও জিলা পরিষদ এই ত্রি-স্তরীয় আসন্ন নির্বাচনকে সামনে রেখে ঊনকোটি জেলাতে প্রশাসনিক তৎপরতা চলছে। ইতিপূর্বেই ভোটকেন্দ্রের খসড়া তালিকা প্রকাশিত হয়েছে। খসড়া তালিকা অনুসারে, ঊনকোটি জেলাতে পোলিং বুথ রয়েছে, ২৩৪টি। খসড়া তালিকার বিষয়ে দাবি ও আপত্তি জানানোর সময়সীমা গত বুধবারই শেষ হয়েছে। চূড়ান্ত তালিকা প্রকাশিত হবে আগামী তেসরা জুন।

এদিকে আসন্ন পঞ্চায়েত নির্বাচন উপলক্ষ্যে প্রশাসনিক প্রস্তুতিপর্ব বিষয়ে গতকাল কৈলাশহরস্থিত D.M কনফারেন্স হলে বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে এক সর্বদলীয় বৈঠক অনুষ্ঠিত হয়।

*************************

**WEATHER :**

মৌসুমী বায়ু প্রবাহ অর্থাৎ বর্ষা মরশুম শুরু হয়েছে । গতকাল ত্রিপুরা সহ উত্তর-পূর্বাঞ্চলের অধিকাংশ রাজ্যে বর্ষা মরশুম প্রবেশ করেছে বলে আবহাওয়া দপ্তর থেকে জানানো হয় ।

এদিকে, আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়, আকাশ আজ সাধারনত মেঘলা থাকবে । রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র-বিদ্যুত সহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি হতে পারে । এছাড়া, রাজ্যের উত্তর জেলা, ঊনকোটি জেলা ও ধলাই জেলার কোথাও কোথাও বজ্র-বিদ্যুত সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা রয়েছে । সঙ্গে ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হওয়া বয়ে যেতে পারে ।

আগরতলা ও তার আশেপাশে গতকাল সকাল থেকে আজ ভোর পর্যন্ত বৃষ্টি হয়েছে ০.৭ মিলিমিটার । আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.২ ডিগ্রী সেলসিয়াস । দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৫ ডিগ্রির কাছাকাছি ।

*********************

**********************